

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
“৪টি টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্প
বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৪র্থ তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা -১২১৫।

নং-২৪.০২.০০০০.০২৭.০০২.০২.২০১১ -১৪৪৯

তারিখ : ১৫/০১/২০১৮খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয় অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “৪টি টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন” শীর্ষক উন্নয়ন প্রকল্পের PIU (project Implementation Unit) এর জন্য প্রকল্পের মেয়াদকালীন সময় পর্যন্ত নিম্ন বর্ণিত পদ সমূহে লোক নিয়োগের জন্য বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও গ্রেড	সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১।	ডাটা এন্ট্রি অপারেটর -১৩	০২ জন	অনধিক ৩০বছর	স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার বিজ্ঞানে ডিপ্লোমা।
০২।	গাড়ী চালক-১৬	০১ জন	অনধিক ৩০বছর	অষ্টম শ্রেণী পাশ ও মটর ড্রাইভিং লাইসেন্সসহ ৩(তিন) বছরের অভিজ্ঞতা।

ক) শর্তাবলী :

- (১) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ১(এক) পাতার ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। উক্ত ফরম টি বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট www.dot.gov.bd হতে ডাউন লোড করা যাবে অথবা প্রকল্প পরিচালকের কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- (২) প্রার্থীগণকে প্রকল্প পরিচালক “৪টি টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন” শীর্ষক উন্নয়ন প্রকল্প, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, (৪র্থ তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫, বরাবর আবেদন করতে হবে এবং সকল দরখাস্ত আগামী ০১/০২/২০১৮ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। ক্রটিপূর্ণ/ অসম্পূর্ণ/ বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (৩) প্রার্থীগণকে ১০০/- টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) “প্রকল্প পরিচালক, “৪টি টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্প এর নামে দরখাস্তের সাথে জমা দিতে হবে।
- (৪) সরকারী ও আধা সরকারী সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (৫) খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- (৬) অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/অবি/বাজেট-১১/বিবিধ-৫২/২০০৩/(অংশ-২)৩৫ তারিখঃ ২৬/০১/২০১০ খ্রিঃ এর আলোকে বেতন ভাতাদি প্রদান করা হবে।
- (৭) পরীক্ষা বা সাক্ষাৎকারের নিমিত্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (৮) দরখাস্তের সাথে শুধুমাত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১ কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে এবং অন্য ২ কপি ছবি স্ট্যাপলার করে লাগিয়ে দিতে হবে।


(মোঃ উদ্দীন আলী)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)